গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

নম্বর ১৩.০১.০০০০.০৮১.০৪.০৫৭.২১.১৭৭

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৭
০১ মার্চ ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: **কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) নিয়োগের লক্ষ্যে তালিকাভুক্তি কার্যক্রম স্থগিতকরণ**

খাদ্য অধিদপ্তরের অধীনে ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য সড়ক পথে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) নিয়োগের লক্ষ্যে তালিকাভুক্তির জন্য চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ১৮/০৮/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৪৯.০২৩.১৯-১৩২ নং স্মারকে তালিকাভুক্তির বিজ্ঞপ্তি আহবান এবং ১৩/০৯/২০২০ খ্রি. তারিখ আবেদনপত্র গ্রহণের সময় নির্ধারণ করা হয়। জনৈক মোঃ সেন্টু মিয়া, পিতা-মৃত হাসমত আলী, বর্তমান সাং-পাইনার বাজার, ইউনিয়ন-তেঘরিয়া, থানা-কেরানীগঞ্জ, জেলা-ঢাকা কর্তৃক উক্ত স্মারকের তালিকাভুক্তির বিজ্ঞপ্তির বিরুদ্ধে বিজ্ঞ সিনিয়র সহকারী জজ (কেরানীগঞ্জ) আদালত, ঢাকায় দেঃ মোকদ্দমা নং-১৬৯/২০২০ দায়ের করেন। বাদীর আবেদনের প্রেক্ষিতে উক্ত স্মারকের তালিকাভুক্তির বিজ্ঞপ্তির উপর ০৭/০৯/২০২০ খ্রি. তারিখে বিজ্ঞ আদালত স্থিতি অবস্থা আদেশ জারি করেন। বিজ্ঞ আদালতের স্থিতি অবস্থা আদেশের কারণে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তালিকাভুক্তি আবেদন গ্রহণ কার্যক্রম চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ১০/০৯/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০. ০৮১.০৪.০৫৮.২০.১০১৮ নং স্মারকে স্থগিত করা হয়। অতঃপর বিজ্ঞ আদালতে মামলার জবাব দাখিল এবং শুনানীর পর বিজ্ঞ আদালত স্থিতি অবস্থা আদেশ প্রত্যাহার করেন মর্মে খাদ্য অধিদপ্তর কর্তৃক নিয়োগকৃত প্যানেল আইনজীবী জনাব মোঃ ফেরদৌস হোসেন মাহমুদ,এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা ১০/১২/২০২০ খ্রি. তারিখে অত্র বিভাগকে অবহিত করেন। অতঃপর চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ১০/১২/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৪৯.০২৩.১৯.১৪৮ নং স্মারকে ১৭/১২/২০২০ খ্রি. তারিখে তালিকাভুক্তির আবেদন গ্রহণের বিজ্ঞপ্তি জারি করা হয় এবং ১৪৭৭ টি আবেদনপত্র গ্রহণ করা হয়। তালিকাভুক্তির আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করা হয় এবং আবেদনপত্র মূল্যায়নের জন্য চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ০২/০২/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৪৯.০২৩.১৯.১১(৫) নং স্মারকে ১০/০২/২০২১ খ্রি. তারিখে তালিকাভুক্তির আবেদনপত্র মূল্যায়ন কমিটির সভা আহবান করা হয়। কিন্তু কমিটির অন্যতম সদস্য পরিচালক (চসসা) মহোদয় করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ায় এবং হাসপাতালে চিকিৎসাধীন থাকায় সভাটি চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ০৮/০২/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৪৯.০০৪.২০.১০৬ নং স্মারকে স্থগিত করা হয়।

ইতিমধ্যে জনাব মোঃ শরিফুর রহমান, পিতা-মোঃ আতোয়ার রহমান, মাতা-মোসাঃ হালিমা খাতুন, প্রোপাইটর-শরিফ এন্টারপ্রাইজ, বাসা নং-১০৬, বন্দর বাজার রোড, বন্দর বাজার, বন্দর, নারায়ণগঞ্জ কর্তৃক বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালত, নারায়ণগঞ্জ এ দেওয়ানি মোকদ্দমা নং-৪১/২০২১ দায়ের করা হয়। উক্ত মোকদ্দমায় বিজ্ঞ আদালত "ইতোমধ্যে নিষেধাজ্ঞার দরখাস্ত শুনানী না হওয়া পর্যন্ত উভয় পক্ষকে নালিশী তপসিল বর্ণিত স্মারক মূলে পরবর্তী কার্যক্রম বিষয়ে

বিবাদীপক্ষকে স্থিতাবস্থা বজায় রাখার জন্য পরবর্তী তারিখ পর্যন্ত নির্দেশ প্রদান করা হইল।" নির্দেশ প্রদান করেছেন।

বিজ্ঞ আদালতের নির্দেশের প্রেক্ষিতে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) নিয়োগের লক্ষ্যে তালিকাভুক্তির জন্য চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ১৮/০৮/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৪৯.০২৩.১৯-১৩২ নং স্মারকে জারিকৃত বিজ্ঞপ্তির কার্যক্রম পুনরায় স্থগিত করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১-৩-২০২১


রেজা মোহাম্মদ মহসিন

অতিরিক্ত পরিচালক (চলাচল)

ফোন: +৮৮-০২-৪১০৫০৬৯৬

ফ্যাক্স: +৮৮-০২-৪১০৫০৬৯৪

ইমেইল: dmss@dgfood.gov.bd


অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১) সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়

২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর

৩) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক (সিপিটিইউ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ ( বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো)

৪) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৫) আইন উপদেষ্টা (অতিরিক্ত দায়িত্ব), আইন উপদেষ্টার কার্যালয়, খাদ্য অধিদপ্তর

৬) পরিচালক(সকল), খাদ্য অধিদপ্তর

৭) প্রধান মিলার, পোস্তগোলা ঢাকা।

৮) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়

৯) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট

১০) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা।

১১) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো

১২) সিনিয়র গণসংযোগ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, ., .

১৩) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশর জন্য অনুরোধ করা হলো।)

১৪) প্রোগ্রামার, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

১৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

১৬) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম

১৭) ব্যবস্থাপক (সকল)....................., ..........., ............

১৮) খাদ্য ভবনের নোটিশ বোর্ড।, ., .,